

প্রথম আলো

তারিখ . 23 JAN. 2014...
পৃষ্ঠা ... কাল ...

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে আসন বাড়ল

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও
রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি •

ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষের আসন সংখ্যা ১০ শতাংশ বাড়ানো হয়েছে। এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা আজ বুধপতিবার শুরু হয়েছে।

কৃষি বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের প্রথম বর্ষের আসন সংখ্যা ১০ শতাংশ বৃদ্ধি করায় এক হাজার আসনের স্থানে দুগুণ অনুষ্ঠানে ভর্তির সুযোগ পাবেন এক হাজার ১০০ জন শিক্ষার্থী। এ ছাড়া বিত্তীয় অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির তারিখ ২৫ জানুয়ারি পরিবর্তে ৩০ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটি এই সিদ্ধান্ত নেয়। ভর্তি-সংক্রান্ত তথ্য জানতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <http://admission.bau.edu.bd> অনুসন্ধান করার পরামর্শ দেওয়া হয়েছে।

প্রশাসন সূত্রে জানা গেছে, গত বছরের ১০ থেকে ১৪ নভেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সে সময় ১৮-দলীয় জোট হরতাল দেওয়ার তারিখ পরিবর্তন করে গত ৫ থেকে ৯ ডিসেম্বর নির্ধারণ করা হয়। হরতাল-অবরোধ আর রাজনৈতিক অস্থিরতার কারণে এরপর আরও চার দফা পরীক্ষার তারিখ পরিবর্তন করা হয়েছিল।